চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে গার্হস্থ্য অর্থনীতি কলেজ, চট্টগ্রাম-এ ১ম বর্ষ বি.এস.এস (সম্মান) শ্রেণিতে ভর্তির পুনঃবিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে গার্হস্থ্য অর্থনীতি কলেজ, চট্টগ্রাম-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ৪(চার) বছর মেয়াদী ১ম বর্ষ বি.এস.এস (সম্মান) শ্রেণিতে শূন্য আসনে ভর্তির জন্য নিম্নোক্ত বিষয়সমূহে যোগ্যতাসম্পন্ন ভর্তিচ্ছু ছাত্রীদের কাছ থেকে নির্ধারিত ফরমে পুনরায় আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বিষয়ের নাম
গার্হস্থ্য অর্থনীতি কলেজ উত্তর হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম-৪২১৬। ফোন: ০৩১-২৫১৫৩১১, ০১৮১৬৪৪৮৩৯২ ওয়েবসাইট : www.hecctg.edu.bd	(ক) বি.এস.এস (সম্মান) ইন খাদ্য ও পুষ্টি (খ) বি.এস.এস (সম্মান) ইন রিসোর্স ম্যানেজমেন্ট এন্ড এন্ট্র্যাপ্র্যান্যারশীপ (গ) বি.এস.এস (সম্মান) ইন বস্ত্র ও বয়ন শিল্প

১. আবেদন ফরম অধ্যক্ষের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.cu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। অগ্রণী ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে ও ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ, চ.বি. বরাবর অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা থেকে ৫০০/-(পাঁচশত) টাকার পে-অর্ডার ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে **১১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ হতে ২৭ ফেব্রুয়ারি ২০১৯** তারিখের মধ্যে অফিস সময়ে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

২. **ভর্তির যোগ্যতা :** যে সকল ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৪ থেকে ২০১৬ সালের মধ্যে যে কোন গ্রুপে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৭ বা ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান/ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় অথবা ২০১২ থেকে ২০১৪ সালের মধ্যে মাধ্যমিক বা সমমান পরীক্ষা ও ২০১৭ বা ২০১৮ সালের ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নে বর্ণিত যোগ্যতা আছে; তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। (গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপ থেকে উত্তীর্ণদের অগ্রাধিকার দেয়া হবে)

উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় বিজ্ঞান/গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপ ও ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ উত্তীর্ণ ছাত্রীরা বি.এস.এস (সম্মান) কোর্সে সকল বিষয়ে এবং মানবিক/ব্যবসায় শিক্ষা বা ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণ ছাত্রীরা বি.এস.এস (সম্মান) কোর্সে 'রিসোর্স ম্যানেজমেন্ট এন্ড এন্ট্র্যাপ্র্যান্যারশীপ' এবং 'বস্ত্র ও বয়ন শিল্প' বিষয়ে আবেদন করতে পারবে।

বিজ্ঞান/গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপে উত্তীর্ণদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৬.০০ তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ২.৭৫ থাকতে হবে।

অথবা

মানবিক/ব্যবসায় শিক্ষা গ্রুপ বা ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং উচ্চ মাধ্যমিক বা সমমান উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৫.০০ তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ২.৫০ থাকতে হবে।

অথবা

৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে উত্তীর্ণদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমমান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং উভয় পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৫.০০ থাকতে হবে; তবে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.২৫ (স্কেল ৪.০০ এর মধ্যে) পেতে হবে।

৩. **ভর্তি পরীক্ষার মানবন্টন :** ভর্তি পরীক্ষায় লিখিত পরীক্ষার মান ৪০ নম্বর এবং পাশ নম্বর ১৬। ভর্তি পরীক্ষায় সকল গ্রুপের ছাত্রীদের বাংলা, ইংরেজি ও সাধারণ জ্ঞান প্রতি বিষয়ে ১০ নম্বরের উত্তর দিতে হবে। বিজ্ঞান/গার্হস্থ্য বিজ্ঞান গ্রুপ বা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে উত্তীর্ণ ছাত্রীদের রসায়ন ও জীববিজ্ঞান প্রতি বিষয়ে ০৫ নম্বরের উত্তর দিতে হবে। ব্যবসায় শিক্ষা গ্রুপ বা ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণ ছাত্রীদের ব্যবসায় পরিচিতি ও হিসাব বিজ্ঞান প্রতি বিষয়ে ০৫ নম্বরের উত্তর দিতে হবে। মানবিক গ্রুপে উত্তীর্ণ ছাত্রীদের পৌরনীতি ও অর্থনীতি প্রতি বিষয়ে ০৫ নম্বরের উত্তর দিতে হবে। লিখিত পরীক্ষায় ১৬ বা তদুর্ধ নম্বর প্রাপ্তদের প্রাপ্ত নম্বরের সাথে মাধ্যমিকের মোট জিপিএ'র ৪০% ও উচ্চ মাধ্যমিকের মোট জিপিএ'র ৬০% যোগ করে সর্বমোট ৫০ নম্বরে ফলাফল চূড়ান্ত করে উত্তীর্ণ তালিকা তৈরী করা হবে। উক্ত তালিকা থেকে মোট আসন সংখ্যা অনুযায়ী চূড়ান্ত নির্বাচিত মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা সংশ্লিষ্ট ছাত্রীদের পছন্দক্রমানুযায়ী ও মেধাক্রমানুসারে প্রস্তুত করে ফলাফল প্রকাশ করা হবে। ভর্তিচ্ছু ছাত্রীদের পছন্দক্রম ও মেধাক্রমানুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে মনোনয়ন দেয়া হবে।

৪. আবেদন ফরমের সাথে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্তপূর্বক মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৫. এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে এবং পরীক্ষার সময়কাল ৩০ মিনিট।

৬. **ভর্তি পরীক্ষার সময়সূচি :**

ভর্তি পরীক্ষার তারিখ	০২ মার্চ ২০১৯
ভর্তি পরীক্ষার স্থান	গার্হস্থ্য অর্থনীতি কলেজ, উত্তর হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম
ভর্তি পরীক্ষার সময়	সকাল ১০:৩০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত

হেল্প লাইন: ০১৮১৬৪৪৮৩৯২ (সকাল ৯:০০ টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত)

বিস্তারিত তথ্যাদি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.cu.ac.bd) পাওয়া যাবে।

৭-২-১৯

(এস.এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
ও
সদস্য-সচিব
অধিভুক্ত (মেডিকেল ও ডেন্টাল কলেজ ব্যতিত)
কলেজ/ইনস্টিটিউটসমূহে ভর্তি কমিটি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে গার্হস্থ্য অর্থনীতি কলেজ, চট্টগ্রাম-এ
১ম বর্ষ বি.এস.এস (সম্মান) কোর্সে ভর্তি পরীক্ষার আবেদন ফরম

ক্রমিক নং: [ ]

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

১. আবেদনকারীর নাম : (বাংলায়) --
(মাধ্যমিক/সমমান পরীক্ষার সার্টিফিকেট অনুসারে)
(বড় হাতের অক্ষরে) : (ইংরেজিতে) --

২. পিতার নাম : --

৩. মাতার নাম : --

৪. জন্ম তারিখ : --

৫. বর্তমান ঠিকানা : --
----

৬. স্থায়ী ঠিকানা : --
----

৭. শিক্ষাগত যোগ্যতা :

উত্তীর্ণ পরীক্ষার বিবরণ (গ্রুপ উল্লেখ করতে হবে)	বিদ্যালয়/কলেজ/ইনস্টিটিউটের নাম	অধীত বছর .... সন হতে .... সন পর্যন্ত	পাশের বছর	প্রাপ্ত জিপিএ/সিজিপিএ

৮. বিষয় পছন্দক্রম :

খাদ্য ও পুষ্টি		রিসোর্স ম্যানেজমেন্ট এন্ড এন্ট্র্যাপ্র্যান্যারশীপ		বস্ত্র ও বয়ন শিল্প	

৯. মোবাইল নম্বর : ------------------------------------

১০. পিতা/মাতার মোবাইল নম্বর : --

তারিখ -------------------

আবেদনকারীর স্বাক্ষর

✂...

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে গার্হস্থ্য অর্থনীতি কলেজ, চট্টগ্রাম-এ
১ম বর্ষ বি.এস.এস (সম্মান) কোর্সে ভর্তি পরীক্ষার আবেদন ফরম

ক্রমিক নং: [ ]

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১কপি রঙিন ছবি আঠা দিয়ে লাগিয়ে উপরে সত্যায়িত করতে হবে।

প্রবেশ পত্র

লিখিত পরীক্ষা : সকাল ১০:৩০ টা থেকে, স্থান : গার্হস্থ্য অর্থনীতি কলেজ, উত্তর হালিশহর হাউজিং এস্টেট, চট্টগ্রাম।

নাম : --

পিতার নাম : --

মাতার নাম : --

ভর্তি পরীক্ষার রোল নং : -------------------------- ভর্তি পরীক্ষার তারিখ : ০২ মার্চ ২০১৯

স্বাক্ষর
ডিন, সমাজ বিজ্ঞান অনুষদ
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়